

বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

উত্তম চর্চা

সফল ক্রীড়াবিদগণ জাতির শ্রেষ্ঠ সন্তানদের অন্যতম। তাঁদের সফলতা (Best Performance) বিদেশে দেশের মুখ উজ্জ্বল ও জাতিকে সম্মানিত করে। ক্রীড়াসেবীগণ ক্রীড়া প্রতিযোগিতা, প্রশিক্ষণ ক্যাম্প চলাকালে কোনো দুর্ঘটনায় আহত বা গুরুতর অসুস্থ হলে তাঁদেরকে চিকিৎসা সহায়তা প্রদানের প্রয়োজন হয়। এ বিষয়টি অত্যন্ত সহানুভূতির সাথে বিবেচনায় রেখে বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন আইন, ২০১১ এর ৭(ক)(অ) ধারায় ক্রীড়াসেবীদের চিকিৎসার জন্য আর্থিক সহায়তার ব্যবস্থা রাখা হয়েছে। ফাউন্ডেশন ২০১৮-২০১৯ অর্থ-বছরে বিকেএসপি'র প্রশিক্ষণার্থী জনাব মাহবুব এ এলাহী গরম পানিতে দন্ধ হওয়ায় চিকিৎসার জন্য ২০১৮-২০১৯ অর্থ-বছরে ১ লক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদান করেছে। এছাড়াও চলতি অর্থ-বছরে অদ্যাবধি (ক) প্রাক্তন জাতীয় ব্যাডমিন্টন চ্যাম্পিয়ন/খেলোয়ার বেগম আশেদা খাতুন রোমাকে ফুসফুসে ক্যান্সার রোগের চিকিৎসার জন্য ১ লক্ষ টাকা (খ) জাতীয় ক্রিকেট দলের সাবেক খেলোয়ার জনাব খন্দকার মোশাররফ হোসেনকে অস্রোপচার শেষে উন্নত চিকিৎসার জন্য ১ লক্ষ টাকা ও (গ) সাবেক জাতীয় শ্যুটার ও জাতীয় পদকপ্রাপ্ত ক্রীড়াবিদ বেগম সাবরীনা সুলতানাকে 'নিউরোমাইলেটিস অপটিকা' রোগের চিকিৎসার ১ লক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়।

